দৈনিক
ইনকিলাব

6 OCT 2012

বিশ্ব শিক্ষক দিবস পালিত

# শিক্ষা খাতে ৬০ শতাংশ বরাদ্দ করুন

## সরকারি ছুটি ঘোষণা : স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ বেতন বৈষম্য দূর করার দাবি ও পুলিশি নির্যাতনের প্রতিবাদ

স্টাফ রিপোর্টার : বিশ্ব শিক্ষক দিবসে সরকারি ছুটি ঘোষণা, স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ, শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণ এবং শিক্ষকদের ওপর পুলিশি নির্যাতনের প্রতিবাদসহ শিক্ষাখাতে ৬০ শতাংশ বরাদ্দের দাবি জানিয়েছে শিক্ষকদের সব ক'টি সংগঠন। জাতিসংঘের বিশেষায়িত সংস্থা ইউনেস্কো ও আইএলও কর্তৃক ১৯৬৬ সালের ৫ অক্টোবর গৃহীত ঐতিহাসিক সিদ্ধান্ত এবং '৯৭ সালে সংযোজিত প্রাথমিক থেকে উচ্চ শিক্ষা স্তরে পাঠদানকারী শিক্ষক-শিক্ষার্থীদের অধিকার করণীয় ও মর্যাদাসংক্রান্ত আন্তর্জাতিক সনদের স্মারক হিসেবে গতকাল শুক্রবার বিশ্বের ১০০টি দেশে পালিত হয়েছে শিক্ষক দিবস। শিক্ষকদের সম্মান, মর্যাদা ও আর্থ-সামাজিক মানোন্নয়নে 'বিশ্ব শিক্ষক দিবস' সরকারিভাবে পালনের দাবি জানিয়েছে 'আমার অধিকার ক্যাম্পেইন'। রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সংগঠনটি এ দাবি জানায়। আলোচনা সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণয়ন কমিটির কো-চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমেদ, 'আমার অধিকার ক্যাম্পেইন'-এর উপদেষ্টা পরিষদের সদস্য ও জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণয়ন কমিটির সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, 'অধিকার ক্যাম্পেইন'-এর চেয়ারপারসন ড. নিলুফার বানু, বাংলাদেশ শিক্ষক সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ সাখাওয়াত হোসেন। এছাড়া 'আমার অধিকার ক্যাম্পেইন'-এর সাধারণ পরিষদের সদস্য প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ড. কাজী খলীকুজ্জামান আহমেদ 'বিশ্ব শিক্ষক দিবস : অতীত থেকে বর্তমান' শীর্ষক ধারণাপত্র উপস্থাপন করেন। ধারণাপত্রে তিনি সরকারিভাবে 'বিশ্ব শিক্ষক দিবস' পালন ও শিক্ষকদের আর্থ-সামাজিক মর্যাদা উন্নতকরণসহ ১৫ দফা সুপারিশ পেশ করেন। জাতীয় প্রেস ক্লাবের সামনে শিক্ষক দিবস পালনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিপিসি), বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ এবং শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আলাদা ব্যানারে সমাবেশ, মানববন্ধন ও র‍্যালির আয়োজন করে। সকাল সাড়ে ১০টা প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির র‍্যালি শেষে সংক্ষিপ্ত সমাবেশ করে। সংগঠনের সভাপতি অধ্যক্ষ ইসহাক হোসেন বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে দলীয়করণ, শিক্ষকদের ন্যায্য পাওনা আদায় এবং শিক্ষকদের অবমূল্যায়নের কারণে শিক্ষক সমাজ আজ আন্দোলনে আসতে বাধ্য হয়েছে। কিন্তু যখন শিক্ষকরা শান্তিপূর্ণ কর্মসূচি দিয়ে আন্দোলন করছে, তখন কোনো এক মহলের নির্দেশে পুলিশ শিক্ষকদের ওপর বর্বর আচরণ করছে। অন্যদিকে বেলা সাড়ে ১১টার দিকে প্রেস ক্লাবের সামনে মানববন্ধনের আয়োজন করে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। জোটের সহ-সভাপতি মোহাম্মদ ইব্রাহীমের সভাপতিত্বে বক্তব্য রাখেন বাংলাদেশ অধ্যক্ষ সমিতির মহাসচিব, ড. মাহবুবুর রহমান মোল্লা, বাকশিসের সদস্য সচিব অধ্যাপক আব্দুল হাকিমসহ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। পরে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট-বাংলাদেশ অধ্যক্ষ সমিতি-বাকশিস একত্রে একটি র‍্যালি বের করে। একই সময় প্রেস ক্লাবের সামনে মানববন্ধনের আয়োজন করে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। পরিষদের আহ্বায়ক আতিয়ার রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. নূর মোহাম্মদ তালুকদার, বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা, ঐক্য পরিষদের সমন্বয়কারী আবু বকর প্রমুখ। পরে সমাবেশ শেষে তারা একটি র‍্যালি বের করে। রাজধানীর লক্ষ্মীবাজারে বাংলাদেশ শিক্ষক সমিতি বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বাশিস সভাপতি এস এম আলী আশরাফ কবির। এসময় আরও উপস্থিত ছিলেন, মহাসচিব ইয়াদ আলী খান, সিনিয়র সহ-সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরী, মিসেস মমতাজ খানম প্রমুখ। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশার-ছালাম) 'বাংলাদেশের শিক্ষকদের আর্থ-সামাজিক অবস্থা' শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। সমিতির সভাপতি মোহাম্মদ আবুল বাশার হাওলাদারের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এম অহিদুজ্জামান, প্রবন্ধ উপস্থাপন করেন সমিতির মহাসচিব মোহাম্মদ আ. ছালাম খান। রাজধানীর পুরানা পল্টন মুক্তিভবনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি এ আলোচনা সভার আয়োজন করে। সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আবুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোহাম্মদ আনোয়ারুল ইসলাম তোতা, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ সিদ্দিকুর রহমান, শিক্ষক নেতা মোয়াজ্জেম হোসেন মানিক প্রমুখ।

নড়াইল জেলা সংবাদদাতা জানান, 'শিক্ষার জন্য আমরা, শিক্ষকদের পাশে আমরা' এ প্রতিপাদ্যকে সামনে রেখে নড়াইলে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। গতকাল শুক্রবার (৫ অক্টোবর) সকাল ১০টায় শিক্ষক সমিতি নড়াইল জেলা শাখার উদ্যোগে নড়াইল পুরাতন বাসটার্মিনাল চত্বর থেকে র‍্যালি বের হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সদর উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় গোবরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হালিম হাওলাদারের সভাপতিত্বে বক্তৃতা করেন প্রধান অতিথি নড়াইল জেলা প্রশাসক মো. জহুরুল হক, বিশেষ অতিথি জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সুবাস চন্দ্র বোস প্রমুখ।

বোদা (পঞ্চগড়) উপজেলা সংবাদদাতা জানান, শিক্ষার জন্য আমরা, শিক্ষকের পাশে আমরা প্রতিপাদ্যকে সামনে রেখে বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন পল্লী সাহিত্য সংস্থা ও গণ সাক্ষরতা অভিযানের উদ্যোগে মত বিনিময় সভার মধ্য দিয়ে গতকাল শুক্রবার বোদায় পালিত হয়েছে বিশ্ব শিক্ষক দিবস। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আব্দুল আজিজ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট ওয়াহিদুজ্জামান সুজা। সমাজসেবী মনিরুল কাদেরের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তৃতা করেন সংস্থার নির্বাহী পরিচালক হারুন-অর রশিদ প্রমুখ।